



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
কানাইঘাট, সিলেট।

web : [www.dwa.kanaighat.sylhet.gov.bd](http://www.dwa.kanaighat.sylhet.gov.bd)  
E-mail- [uwakanaighat@gmail.com](mailto:uwakanaighat@gmail.com)

স্মারক নংঃ উমবিবিকা/কানাই/সিলে/আইজিএ/ভর্তি/বিজ্ঞ/২০২১-১৭২

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪২৮  
০২ ডিসেম্বর ২০২১

### প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি (১৩ তম ব্যাচ)


মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ"(২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের অধীনে কানাইঘাট উপজেলায় নিম্নোক্ত ট্রেড সমূহে জানুয়ারি/২২ হতে মার্চ/২২ পর্যন্ত ১৩ তম ব্যাচে ভর্তির জন্য প্রকৃত বেকার, দুঃস্থ, বিধবা, অসহায় ও স্বামী পরিত্যক্তা মহিলাদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

#### প্রশিক্ষণ কোর্সের বিবরণ

ক্র: নং	ট্রেড কোর্সের নাম	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
০১	ফ্যাশন ডিজাইন	২৫	০৩ মাস মেয়াদী	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী	
০২	ক্রিস্টাল শো পিচ ও ডেকোরেটেড ক্যান্ডেল ম্যাকিং(মোমবাতি)	২৫	৬০ দিন ব্যাপী সর্বমোট: ৩৬০ ঘন্টা		

#### ভর্তি সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী

- ০১। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীর বয়স ১৬-৪৫ বছরের মধ্যে হতে হবে।
- ০২। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থী কে ([iga.dwa.gov.bd](http://iga.dwa.gov.bd)) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না।
- ০৩। অনলাইনে আবেদনপত্র পূরণের তারিখ ও সময় ০২/১২/২০২১ খ্রিঃ হতে সকাল ১০.০০ টা হতে ১৫/১২/২০২১ খ্রিঃ দুপুর ১২.০০ টা পর্যন্ত।
- ০৪। অনলাইনে আবেদনপত্রে প্রার্থীর রজিন ছবি(দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) পিন্বেলে স্ক্যান করে আপলোড করতে হবে। আপলোডকৃত ছবির সাইজ সর্বোচ্চ 300 KB হতে হবে।
- ০৫। অনলাইনে আবেদন সম্পন্ন করে আবেদন পত্র আবশ্যিক ভাবে PDF ভাষনে ডাউনলোড করে ০২(দুই) কপি প্রিন্ট করতে হবে এবং প্রিন্ট কপিতে প্রার্থী স্বহস্তে স্বাক্ষর পূর্বক ০২(দুই) কপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, কানাইঘাট, সিলেট এর দপ্তরে জমা দিতে হবে।
- ০৬। প্রিন্ট কৃত আবেদনপত্রের সহিত ০৩(তিন) কপি রজিন ছবি, জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ০১(এক) সেট ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৭। অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে সাবমিট করা হলেও নির্ধারিত তারিখে আবেদনের প্রিন্ট কপি ও ৬নং কলামে বর্ণিত কাগজপত্র সংযুক্ত করে জমা না দিলে আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদন কপি ও কাগজপত্র জমা প্রদানের শেষ তারিখ ১৫/১২/২০২১ খ্রিঃ।
- ০৮। ছবি ও স্বাক্ষরবিহীন কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ০৯। সফলভাবে প্রশিক্ষণ সমাপ্তে প্রতিদিনের হাজিরার ভিত্তিতে ২০০/- (দুইশত) টাকা হারে ৬০(ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১০। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক প্রার্থীর সাথে যোগাযোগের জন্য অনলাইনে আবেদনপত্র পূরণের সময় সঠিক ও সচল মোবাইল নম্বর প্রদান করতে হবে।
- ১১। অনলাইনে আবেদনপত্র বাংলায়(ইউনিকোড) পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।
- ১২। মৌখিক/বাছাই পরীক্ষার তারিখ, চূড়ান্ত ফলাফল অত্র কার্যালয়ের নোটিশ বোর্ড, ওয়েবসাইট ([www.dwa.kanaighat.sylhet.gov.bd](http://www.dwa.kanaighat.sylhet.gov.bd)) প্রকাশ করা হবে ও সকল তথ্যাদি এস.এম.এস(SMS) এর মাধ্যমে প্রার্থীকে অবগত করা হবে।
- ১৩। প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা ট্রেড বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৫। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না।
- ১৬। ইতিপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না।
- ১৭। মৌখিক/বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবেনা।

  
(সৌমিত্র কর্মকার)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অ:দা:)  
কানাইঘাট, সিলেট।